

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ইউরোপ শাখা
ঢাকা

নংঃ ১৯.০০.০০০০.৪৫৬.৭২.৬০২.১৭.-২০২

২৩ মার্চ ২০১৭

প্রেরক : মোঃ রেজাউল ইসলাম
সহকারী সচিব (ইউরোপ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব আজিজুল আলম
সহ-সভাপতি
বাঘা উপজেলা আওয়ামী লীগ, রাজশাহী।

বিষয় : আগামী ২৫-২৮ মার্চ ২০১৭ তারিখে যুক্তরাজ্যে অনুষ্ঠিতব্য বাংলাদেশের ৪৬তম মহান স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী -এর সফরসঙ্গী হিসেবে জনাব আজিজুল আলম, সহ-সভাপতি, বাঘা উপজেলা আওয়ামী লীগ, রাজশাহী -এর লন্ডন, যুক্তরাজ্য সফরের সরকারি প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ২৫-২৮ মার্চ ২০১৭ তারিখে যুক্তরাজ্যে অনুষ্ঠিতব্য বাংলাদেশের ৪৬তম মহান স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী -এর সফরসঙ্গী হিসেবে লন্ডন, যুক্তরাজ্য ভ্রমণের জন্য আপনার অনুকূলে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারি সফরের জন্য আপনি ২৪ মার্চ ২০১৭ অথবা এর নিকটবর্তী সময়ে লন্ডন, যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ২৯ মার্চ ২০১৭ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে লন্ডন, যুক্তরাজ্য ত্যাগ করবেন।

৩। সফরকালীন আপনি আপনার ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ৩-১৮১৫-০০০১-৪৮০১) হতে বিকলন করা হবে। অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,



মোঃ রেজাউল ইসলাম
সহকারী সচিব (ইউরোপ)

নংঃ ১৯.০০.০০০০.৪৫৬.৩৫.৯৯৯.১৭.-২০২

২৩ মার্চ ২০১৭

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন/ ইউরোপ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএমও/ এসএমও/ এফএসও/ সংস্থাপন/ অর্থ/ রাষ্ট্রচার উপ-প্রধান (সফর)), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। জনাব আজিজুল আলম, সহ-সভাপতি, বাঘা উপজেলা আওয়ামী লীগ, রাজশাহী।
- ৮। বাংলাদেশ দূতাবাস, লন্ডন।
- ৯। অফিস কপি।



২৩.০৬.১৭
মোঃ রেজাউল ইসলাম
সহকারী সচিব (ইউরোপ)